2-2-৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১০.৭১.০০১.২০.৪০৭ তারিখ: ২৪/০৫/২০২৩ খ্রি.

## অফিস আদেশ

ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর নির্দেশনা অনুযায়ী দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ইনোভেশন টিমের নিম্নোক্ত সদস্যগণ ২৫/০৫/২০২৩ খ্রিস্টাব্দ রোজ বৃহস্পতিবার নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা এবং ২৮/০৫/২০২৩ খ্রিস্টাব্দ রোজ রবিবার নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলায় অবস্থিত শেখ রাসেল স্কুল অফ ফিউচার এর অন্তর্ভূক্ত সেন্ট্রাল করোনেশন উচ্চ বিদ্যালয়ে বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করবেন।

| ক্রম | নাম | পদবি |
|---|---|---|
| ০১ | প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য্য | পরিচালক (প্রশিক্ষণ) ও ইনোভেশন অফিসার |
| ০২ | জনাব সেলিনা জামান | উপ-পরিচালক, মনিটরিং এন্ড ইভালুয়েশন |
| ০৩ | ড. মোনালিসা খান | উপ-পরিচালক (প্রশিক্ষণ) |
| ০৪ | জনাব রূপক রায় | সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ০৫ | জনাব মহিউদ্দিন আহমেদ | সহকারী পরিচালক (ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট) |
| ০৬ | ড. মোঃ নাজমুল আহসান মুরাদ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২) |
| ০৭ | জনাব মোহাম্মদ আবুল হোসেন কায়েস | গবেষণা কর্মকর্তা (প্রশিক্ষণ) |
| ০৮ | জনাব খন্দকার আজিজুর রহমান | সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল |

এই ভ্রমণ/পরিদর্শনের যাবতীয় ব্যয় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রমের বাজেট বরাদ্দ থেকে নির্বাহ করা হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হল।

নম্বর: ৩৭.০২.০০০০.১১০.৭১.০০১.২০.৪০৭ তারিখ: ২৪/০৫/২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১. পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২. পরিচালক , প্রশিক্ষণ উইং এবং ইনোভেশন অফিসার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৩. অধ্যক্ষ, কুমিল্লা সরকারি ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা
৪. উপপরিচালক, মনিটরিং অ্যান্ড ইভাল্যুয়েশন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৫. উপ-পরিচালক, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৬. সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৭. সহকারী পরিচালক-১, ফিন্যান্স এণ্ড প্রকিউরমেন্ট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৮. সহকারী পরিচালক-২, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৯. গবেষণা কর্মকর্তা-৩, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১১. প্রধান শিক্ষক, সেন্ট্রাল করোনেশন উচ্চ বিদ্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
১২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পূরাণা পল্টন, ঢাকা
১৩. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২৪/০৫/২০২৩

ড. মো: নাজমুল আহসান মুরাদ
সহকারী পরিচালক-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

**পরিদর্শন প্রতিবেদন**

ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর নির্দেশনা অনুযায়ী দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন এর অংশ হিসেবে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ইনোভেশন টিমের নিম্নোক্ত সদস্যগণ ২৫/০৫/২০২৩ খ্রিস্টাব্দ রোজ বৃহস্পতিবার নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা'য় বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগ এবং ২৮/০৫/২০২৩ খ্রিস্টাব্দ রোজ রবিবার নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলায় অবস্থিত শেখ রাসেল স্কুল অফ ফিউচার এর অন্তর্ভুক্ত সেন্ট্রাল করোনেশন উচ্চ বিদ্যালয়ে বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করেন।

| ক্রম | নাম | পদবি |
|---|---|---|
| ০১ | প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য্য | পরিচালক (প্রশিক্ষণ) ও ইনোভেশন অফিসার |
| ০২ | জনাব সেলিনা জামান | উপ-পরিচালক, মনিটরিং এন্ড ইভালুয়েশন |
| ০৩ | ড. মোনালিসা খান | উপ-পরিচালক (প্রশিক্ষণ) |
| ০৪ | জনাব রূপক রায় | সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ০৫ | জনাব মহিউদ্দিন আহমেদ | সহকারী পরিচালক (ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট) |
| ০৬ | ড. মোঃ নাজমুল আহসান মুরাদ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২) |
| ০৭ | জনাব মোহাম্মদ আবুল হোসেন কায়েস | গবেষণা কর্মকর্তা (প্রশিক্ষণ) |
| ০৮ | জনাব খন্দকার আজিজুর রহমান | সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল |

## নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা'য় বাস্তবায়নকৃত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন:

পরিদর্শন টিম ২৫/০৫/২০২৩ খ্রিস্টাব্দ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা'য় পৌছে। স্কুলে পৌছে স্কুলের শিক্ষক-কর্মচারীদের সাথে আলোচনা করে স্কুলের কার্যক্রম সম্পর্কে অবহিত হয়। পরিদর্শন টিম বিদ্যালয়ে অবস্থিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ বিদ্যালয়ের মূল উদ্ভাবনী কার্যক্রম রোবটিক ক্লাব পরিদর্শন করেন। শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর মাধ্যমে শিক্ষার্থীদের বিভিন্ন প্রোগ্রামিং এবং কোডিং শিখানো হয়। রোবটিক ক্লাবের সদস্যগন কর্তৃক কয়েকটি রোবট প্রস্তুত করা হয়েছে যেগুলো বিদ্যালয়ের Wast Management এর কাজে ব্যবহার করা হচ্ছে।

পরিদর্শন কার্যক্রমের কিছু ছবি সংযুক্ত করা হল:







শুভ উদ্বোধন করেন
শেখ হাসিনা এমপি








**শেখ রাসেল স্কুল অফ ফিউচার এর অন্তর্ভুক্ত সেন্ট্রাল করোনেশন উচ্চ বিদ্যালয়ে বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন:**

বিশ্বে শিক্ষাক্ষেত্রের অনন্য উদাহরণগুলোকে সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিকনির্দেশনায় সারাদেশের ৩০০টি স্কুলকে স্মার্ট স্কুল হিসেবে গড়ে তোলার লক্ষে 'শেখ রাসেল স্কুল অব ফিউচার' প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলায় অবস্থিত সেন্ট্রাল করোনেশন উচ্চ বিদ্যালয় শেখ রাসেল স্কুল অফ ফিউচার এর অন্তর্ভুক্ত একটি শিক্ষা প্রতিষ্ঠান। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিদর্শন টিম ২৮/০৫/২০২৩ খ্রিস্টাব্দ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় সেন্ট্রাল করোনেশন উচ্চ বিদ্যালয়, ধুপতারা, আড়াইহাজার পৌছে। স্কুলে পৌছে স্কুলের শিক্ষক-কর্মচারীদের সাথে আলোচনা করে স্কুলের কার্যক্রম সম্কর্কে অবহিত হয়। স্কুলে চলমান 'শেখ রাসেল স্কুল অব ফিউচার' প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনে দেখা যায় ক্লাসরুমগুলোতে স্মার্ট বোর্ড ব্যবহারের মাধ্যমে ক্লাস কার্যক্রম পরিচালিত হচ্ছে। স্মার্ট বোর্ড ব্যবহারের মাধ্যমে ক্লাস কার্যক্রম পরিচালিত হওয়ায় শিক্ষক-শিক্ষার্থী সকলেই ভীষণ খুশি।

শিক্ষকদের সাথে আলোচনায় জানা যায় স্কুলগুলোর সফটওয়্যার শতভাগ ব্যবহার ও কার্যকরী করার লক্ষে স্কুলসমূহের প্রধান শিক্ষক, শিক্ষকবৃন্দ এবং প্রশাসনিক কর্মকর্তাদের ৪ দিনব্যাপী অনলাইনে স্কুল অব ফিউচার লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহারের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত অনলাইন প্রশিক্ষণে স্কুলের মোট ৫ জন শিক্ষক/প্রশাসনিক কর্মকর্তাদেরকে সিস্টেমটির সকল অ্যাকাডেমিক এবং নন-অ্যাকাডেমিক ফিচার এবং মডিউলের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

'শেখ রাসেল স্কুল অব ফিউচার' এর মাধ্যমে সরকার, সংশ্লিষ্ট সংস্থা, স্কুল কর্তৃপক্ষ, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের জন্য ৩২টি মডিউলে সমৃদ্ধ এলএমএসের মাধ্যমে অ্যাকাডেমিক, নন-অ্যাকাডেমিক ও এক্সট্রা-কারিকুলার কার্যক্রম ও উন্নয়ন একনজরে দেখা ও মূল্যায়ন করা হচ্ছে। ফলে প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত গ্রহণ সহজতর হচ্ছে এবং সিদ্ধান্তসমুহ বাস্তবায়নও হচ্ছে।






30-05-23

M A Hossain K...
BCS (General Education)
Research Officer (Training)
Directorate of Secondary Higher Education

28/5/23
মোঃ নাজমুল আহসান মুরাদ
আইডি: ১৮৩১৮
বিসিএস (সাধারণ শিক্ষা)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা